**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**সেগুন বাগিচা, ঢাকা।**

**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১২ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/২৬ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ।

এস. আর ও নং- ১৮১-আইন/২০০৮/২২০৯/ শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 13 এর উদ্দেশ্য পূরণকল্পে এবং section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদান, তদারকি এবং অন্যান্য আনুষঙ্গিক কার্যাবলী নির্ধারণের লক্ষ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।–** এই বিধিমালা বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই, ২০০৮ ইং তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।–** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(ক) ‘‘আইন” অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969) ;

(খ) ‘‘লাইসেন্স” অর্থ আইনের section 13 এর আওতায় কোন শিল্প প্রতিষ্ঠানকে প্রদত্ত বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স;

(গ) ‘‘শিল্প প্রতিষ্ঠান” অর্থ দেশীয় অথবা আমদানিকৃত কাঁচামাল ব্যবহার করিয়া উৎপাদন প্রক্রিয়ার মাধ্যমে দেশীয় ভোগের জন্য অথবা রপ্তানির জন্য পণ্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান;

(ঘ) ‘‘সরাসরি রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান” অর্থ এমন কোন শিল্প প্রতিষ্ঠান যাহা তদকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত সকল পণ্য বিদেশে রপ্তানি করে;

(ঙ) “প্রচ্ছন্ন রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান” অর্থ বৈদেশিক মুদ্রায় স্থাপিত বি.বি.এল.সি.এর বিপরীতে পশ্চাদসংযোগ শিল্প হিসাবে শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে সরবরাহতব্য আনুষঙ্গিক দ্রব্যাদি উৎপাদন ও সরবরাহকারী শিল্প প্রতিষ্ঠান;

(চ) ‘‘ফরম” অর্থ এই বিধিমালার ফরম ;

(ছ) ‘‘বোর্ড” অর্থ National Board of Revenue order, 1972 (P.O. No. 76 of 1972) এর অধীনে গঠিত National Board of Revenue;

(জ) ‘‘লাইসেন্সিং কর্তৃপক্ষ” অর্থ বিধি-৩ এ উল্লিখিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

(ঝ) ‘‘লাইসেন্সি” অর্থ এই বিধিমালার অধীন বন্ড লাইসেন্স প্রাপ্ত কোন ব্যক্তি, কোম্পানী বা প্রতিষ্ঠান;

(ঞ) ‘‘ব্যক্তি” অর্থ প্রতিষ্ঠানের মালিক, ব্যবস্থাপনা অংশীদার, পরিচালক বা ব্যবস্থাপনা পরিচালক বা চেয়ারম্যান।

(ট) ‘‘জেনারেল বন্ড” অর্থ আইনের ংবপঃরড়হ ৮৬(৩) এর বিধান মোতাবেক লাইসেন্সী কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহিত সম্পাদিত ডিউটি বন্ড ও রিস্ক বন্ডের সমন্বয়ে একটি সাধারণ বন্ড যাহা লাইসেন্সী কর্তৃক বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য খালাস, অনুমোদিত বন্ড গুদামে সংরক্ষণ ও ব্যবহারের জন্য নির্দেশিত অংকের অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করিয়া থাকে;

(ঠ) ‘‘ডিপ্লোমেটিক বন্ড” অর্থ কুটনীতিক অথবা বিশেষ সুবিধাভোগী (Privileged Person) বিদেশী নাগরিকদের নিকট বন্ড সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়কারী প্রতিষ্ঠান;

(ড) “ডিউটি ফ্রি বন্ড” অর্থ বিদেশগামী অথবা বিদেশ হইতে আগত কোন যাত্রীর নিকট বন্ড সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়কারী প্রতিষ্ঠান;

(ঢ) “ডিউটি পেইড বন্ড” অর্থ বাংলাদেশে আগত বা অবস্থানরত বিদেশী নাগরিকদের নিকট বন্ড সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়কারী প্রতিষ্ঠান;

(ণ) ‘‘লিয়েন ব্যাংক” অর্থ লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যাংক যাহার মাধ্যমে লাইসেন্সি যাবতীয় আমদানি, রপ্তানি ও ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করিয়া থাকে।

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ।–** লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে আইনের section 13 এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন শুল্ক কমিশনার (বন্ড) বা যে কোন শুল্ক কমিশনার।

৪। **প্রয়োগ।–** এই বিধিমালার অধীন নিম্নবর্ণিত প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, বন্ড রেজিস্ট্রেশন করা যাইবে, যথা ঃ-

(ক) সরাসরি রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান;

(খ) প্রচছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(গ) ডিপ্লোমেটিক, ডিউটি ফ্রি, ডিউটি পেইড প্রতিষ্ঠান;

(ঘ) সরকারী ও বেসরকারী রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে (ইপিজেড) অবস্থিত শতভাগ প্রচ্ছন্ন ও সরাসরি রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান।

৫। **লাইসেন্সের জন্য আবেদন।–** লাইসেন্স প্রাপ্তির জন্য কোন ব্যক্তি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট “পরিশিষ্ট-১” ফরম পূরণপূর্বক এবং “পরিশিষ্ট-২” এ উল্লিখিত দলিলাদি লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক সংযুক্ত করিয়া যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন করিতে পারিবে।

৬। **লাইসেন্স প্রদান।-**

(১) বিধি ৫ অনুযায়ী লাইসেন্সের জন্য আবেদন করা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী লাইসেন্সের জন্য নির্ধারিত শর্তাবলী পূরণ করিয়াছেন, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীর নিকট হইতে উপ-বিধি (২) এ উল্লিখিত ফি আদায় করিয়া ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে “পরিশিষ্ট-৩” ফরমে লাইসেন্স প্রদান করিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহণের পর আবেদনকারী লাইসেন্স ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে একাউন্ট কোড নং- **১১৩১-০০০০-০৪২১** -তে জমা প্রদান করিয়া ট্রেজারী চালানের মূল কপি ও স্বাক্ষরিত জেনারেল বন্ডসহ সংশ্লিষ্ট কমিশনারের দপ্তরে দাখিল করিবে।

৭। **লাইসেন্সের মেয়াদ।-** লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে **১**(এক) বৎসর।

৮। **লাইসেন্স নবায়ন।–** লাইসেন্স নবায়ন ফি বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে একাউন্ট কোড নং-**১১৩১**-০০০০-০৪**২১** তে জমা প্রদান করিয়া ট্রেজারী চালানের মূল কপিসহ মেয়াদ উত্তীর্ণের এক মাস পূর্বে আবেদন করিলে আবেদন প্রাপ্তির **১**৫ (পনের) দিনের মধ্যে লাইসেন্সটি লাইসেন্সিং কর্তৃপক্ষ নবায়ন করিবে ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্সি পরবর্তী **১**৫ (পনের) দিনের মধ্যে, প্রযোজ্য ক্ষেত্রে, তাহার কার্যক্রম নিরীক্ষার লক্ষ্যে যাবতীয় দলিলাদি উপস্থাপন করিলে উহা নিরীক্ষা করিয়া সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তা উক্ত প্রতিষ্ঠানের পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতা নিরূপণ করিবেন।

৯। **লাইসেন্স স্থগিতকরণ বা বাতিলকরণ।–** নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নবায়নের আবেদন না করিলে অথবা নিরীক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় দলিলাদি দাখিল না করিলে অথবা আইন বা এই বিধিমালা বা লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স স্থগিত (ঝঁংঢ়বহফ) করিতে পারিবেন এবং লাইসেন্সিকে যুক্তিসংগত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া আইনের section 13(2) এর বিধান মোতাবেক লাইসেন্স বাতিল করিতে পারিবেন।

**১০। লাইসেন্সের অধিক্ষেত্র।-** আইনের section 11 অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রজ্ঞাপিত এলাকাসমুহ লাইসেন্স প্রদানের অধিক্ষেত্র হিসাবে বিবেচিত হইবে।

**১১।** **আর্থিক স্বচ্ছলতা।–**

(১) লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আবেদনকারী ব্যক্তির জেনারেল বন্ড সম্পাদনের মত প্রয়োজনীয় আর্থিক স্বচ্ছলতা থাকিতে হইবে। আবেদনকারী লাইসেন্সের জন্য আবেদন পত্রের সহিত আর্থিক স্বচ্ছলতার প্রমাণ হিসাবে লিয়েন ব্যাংক কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র দাখিল করিবে, যাহাতে ব্যাংক এই মর্মে প্রত্যয়ন করিবে যে, আবেদনকারীর জেনারেল বন্ড সম্পাদনের মত আর্থিক স্বচ্ছলতা রহিয়াছে।

(২) মালিকানা পরিবর্তন বা শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে উপ-বিধি (১) এর বিধান প্রযোজ্য হইবে।

**১২**। **জেনারেল বন্ড।-** জেনারেল বন্ড সম্পাদন এবং লাইসেন্স প্রাপ্তির পর লাইসেন্সি শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে কাঁচামাল আমদানি, গুদামজাতকরণ, ব্যবহার ও রপ্তানি করিতে পারিবেন এবং এই ক্ষেত্রে জেনারেল বন্ডের পরিমান নিম্নরূপ নিরুপিত হইবে, যথা ঃ-

(ক) প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য এক কোটি টাকার জেনারেল বন্ড ;

(খ) যুগপৎ প্রচ্ছন্ন এবং সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য দুই কেটি টাকার জেনারেল বন্ড;

(গ) সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য তিন কোটি টাকার জেনারেল বন্ড; এবং

(ঘ) ডিপ্লোমেটিক, ডিউটি ফ্রি এবং ডিউটি পেইড প্রতিষ্ঠানের জন্য ৩ (তিন) কোটি টাকার জেনারেল বন্ড ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রয়োজনবোধে আমদানি- রপ্তানির ব্যাপকতা বিবেচনা করিয়া জেনারেল বন্ডের পরিমান বৃদ্ধি করিতে পারিবেন।

১৩। **বন্ডিং মেয়াদ।–** আইনের ংবপঃরড়হ ৯৮ এর বিধান মোতাবেক বন্ডিং মেয়াদ নির্ধারিত হইবে।

১৪। **আমদানি প্রাপ্যতা ও এককালীন বন্ডিং ক্যাপাসিটি।–** এতদ্‌সংক্রান্ত বিদ্যমান বিধানাবলী আমদানি প্রাপ্যতা ও এককালীন বন্ডিং ক্যাপাসিটির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৫। **পরিবর্তন, পরিবর্ধণ, সংযোজন অথবা বিয়োজন।–** লাইসেন্সি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিয়া লাইসেন্সে উল্লিখিত যে কোন তথ্যের পরিবর্তন, পরিবর্ধণ, সংযোজন বা বিয়োজন করিতে পারিবে।

১৬। **আপীল।-** লাইসেন্সিং কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি সিদ্ধান্ত প্রদানের ৯০(নব্বই) কার্য দিবসের মধ্যে আপীলাত ট্রাইবুনালে আপীল দায়ের করিতে পারিবেন।

১৭। **বাধ্যবাধকতা।–** লাইসেন্সি-

(ক) আইনের বিধানাবলী ও লাইসেন্সে বর্ণিত শর্তাবলী অনুসরণ করিতে বাধ্য থাকিবেন;

(খ) লাইসেন্সি জাতীয় রাজস্ব বোর্ড অথবা লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, জারীকৃত আদেশ নির্দেশ প্রতিপালনে বাধ্য থাকিবেন;

(গ) ইস্যুকৃত লাইসেন্স হস্তান্তর করিতে পারিবেন না।

১৮। **আদেশ জারী।–** এই বিধিমালা কার্যকর করার লক্ষ্যে কর্মপদ্ধতি নির্ধারণ কল্পে লাইসেন্সিং কর্তৃপক্ষ অফিস আদেশ জারী করিতে পারিবেন।

১৯। **অন্যান্য প্রজ্ঞাপন ও বিধির প্রয়োগ।-** বন্ড সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত অন্যান্য প্রজ্ঞাপন ও বিধিমালা এই বিধিমালার পরিপুরক হিসাবে গণ্য হইবে।

২০। **সীমাবদ্ধতা।–** জাতীয় রাজস্ব বোর্ড আইনের section 13(2) এর বিধান মোতাবেক বন্ড লাইসেন্স সংক্রান্ত বিষয়ে শর্ত, সীমাবদ্ধতা বা বিধিনিষেধ আরোপ করিতে পারিবেন।

*"পরিশিষ্ট -০১"*

## বন্ড লাইসেন্স আবেদন পত্র

**অধ্যায় এ ঃ ম্যানুফ্যাকচারিং ইউনিট এবং কর্পোরেট অফিস সংক্রান্ত তথ্য**

১.

| | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **তারিখ** : | | | / | | | / | | | | | **আবেদন নম্বর** (শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য ) | | | | | | | | | |

২. আবেদনকারীগণের ছবি:

| | | | | |
|---|---|---|---|---|
| Qwe | Qwe | Qwe | Qwe | Qwe |

৩. ম্যানুফ্যাকচারিং ইউনিটের নাম

৪. শিল্প প্রতিষ্ঠানের ঠিকানা

ফোন নম্বরঃ.

ফ্যাক্স নম্বরঃ

ই-মেইল ঃ

৫. কর্পোরেট হেড অফিসের ঠিকানা ঃ

**ফোন নম্বর ঃ**

**ফ্যাক্স নম্বর ঃ**

**ই-মেইল ঃ**

**৬. ব্যবসায়িক অঙ্গন**

৬এ. ☐ ভাড়া ☐ নিজস্ব চুক্তি নম্বর তারিখ / /

৬বি.একই অঙ্গনে পুর্বে কোন বন্ডেড প্রতিষ্ঠান ছিল কি না ☐ হ্যাঁ ☐ না

**যদি হ্যাঁ হয়,**

প্রতিষ্ঠানের নাম

৬সি. প্রধান উৎপাদিত পণ্যঃ

**৬ডি. বন্ডের ধরন**

| | | |
|---|---|---|
| গার্মেন্টস বন্ড | ডীমড বন্ড | হোম কনজাম্পশন বন্ড |
| প্রিভিলেজড বন্ড | সুপারভাইজড বন্ড | এক্সপোর্ট প্রসেসিং জোন |

| | | | |
|---|---|---|---|
| **৭.টিআইএন** | | তারিখ | / / |
| **৮. বোর্ড অব ইনভেস্টমেন্ট/বিএসসিআইসি রেজি. নম্বর** | | তারিখ | / / |
| **৯. ইআরসি নম্বর** | | তারিখ | / / |
| **১০. আইআরসি নম্বর** | | তারিখ | / / |
| **১১. ভ্যাট রেজি. নম্বর (বিআইএন)** | | **তারিখ** | / / |

**১২.ট্রেড লাইসেন্স নম্বর** তারিখ __ __ / __ __ / __ __ __ __

**১৩. ফায়ার লাইসেন্স নম্বর** **তারিখ** __ __ / __ __ / __ __ __ __

**১৪. সমিতির সদস্য পদের সনদপত্র নম্বর বিজিএমইএ/বিসিসিএএমইএ/বিকেএমইএ/ বিপিজিএমএ/বিএলএমইএ/অন্যান্য ..................** **তারিখ** __ __ / __ __ / __ __ __ __

**১৫. লিয়েন ব্যাংক**

| কোড | নাম | ঠিকানা | ফোন | ফ্যাক্স |
|---|---|---|---|---|
| | | | | |

## অধ্যায় বিঃ মালিকের তথ্য

**১৬. মালিকানার প্রকৃতিঃ**

☐ ব্যক্তিমালিকানাধীন ☐ লিমিটেড ☐ অংশীদারী ☐ অন্যান্য

প্রোপ্রাইটর/চেয়ারম্যান অথবা ম্যানেজিং ডাইরেক্টর/ ম্যানেজিং পার্টনার এর তথ্য

টিআইএন

তারিখ / /

পিতা/স্বামীর নাম

বর্তমান ঠিকানা

<u>স্থায়ী ঠিকানা</u>

আবাসিক ফোন নম্বর

(অনুগ্রহ করে প্রত্যেক পরিচালক/অংশীদারের জন্য পৃথকভাবে একই তথ্য সরবরাহ করুন)

**১৭. লিমিটেড/অংশীদারী কোম্পানীর জন্যঃ**

**প্রত্যেক শেয়ার হোল্ডারের নাম ও ঠিকানা :**

এ) **নাম**

বি) **পিতা/স্বামীর নাম**

সি) **টিআইএন** তারিখ / /

ডি) **বর্তমান ঠিকানা**

ই) স্থায়ী ঠিকানা

এফ) আবাসিক ফোন নম্বর

**(অনুগ্রহ করে প্রত্যেক পরিচালক/অংশীদারের জন্য পৃথকভাবে একই তথ্য সরবরাহ করুন)**

অধ্যায় সিঃ উৎপাদিত পণ্য সংক্রান্ত তথ্য

**১৮. উৎপাদিত পণ্যের বিবরণঃ**

| ক্রমিক নম্বর | প্রডাক্ট কোড (প্রযোজ্য হলে) | বর্ণনা | এইচ এস কোড | বাৎসরিক উৎপাদন ক্ষমতা (প্রযোজ্য হলে) | ইউনিট কোড |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

**১৯. কাঁচামাল সংক্রান্ত তথ্যঃ**

স্থাপিত মেশিন অনুযায়ী কাঁচামালের বিবরণঃ

| ক্রমিক নম্বর | এইচ এস কোড | বর্ণনা | বাৎসরিক উৎপাদন ক্ষমতা (প্রযোজ্য হলে) | ইউনিট কোড |
|---|---|---|---|---|
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |

২০.কারখানার মোট আয়তন

| ক্রমিক | দৈর্ঘ্য (ফুট) | প্রস্থ (ফুট) | আয়তন (বর্গফুট) |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২১. কাঁচামালের গুদামের আয়তন (প্রযোজ্য হলে):

| ক্রমিক | দৈর্ঘ্য (ফুট) | প্রস্থ (ফুট) | উচ্চতা (ফুট) | ভলিয়ম (ঘনফুট) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

২২. উৎপাদিত পণ্যের গুদাম(প্রযোজ্য হলে):

| ক্রমিক | দৈর্ঘ্য (ফুট) | প্রস্থ (ফুট) | উচ্চতা (ফুট) | ভলিয়ম (ঘনফুট) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

### অধ্যায় ডিঃ স্থাপিত মেশিন সংক্রান্ত তথ্য

২৩. স্থাপিত মেশিনের মোট উৎপাদন ক্ষমতা:

| ক্রমিক নম্বর | বর্ণনা | ব্র্যান্ড নাম | মডেল নম্বর | মেশিনের সংখ্যা | বাৎসরিক উৎপাদন ক্ষমতা (প্রযোজ্য হলে) | ইউনিট কোড |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

২৪. বার্ষিক মোট উৎপাদন ক্ষমতা (বর্তমান ও চালু শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য)

| ক্রমিক নম্বর | বর্ণনা | এইচ এস কোড | বাৎসরিক উৎপাদন ক্ষমতা | ইউনিট কোড |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

## অধ্যায় ই ঃ মালিক/শেয়ার হোল্ডারগণের অন্যান্য ব্যবসা সংক্রান্ত তথ্য

২৫. *কোম্পানী/প্রতিষ্ঠানের নাম*

*ঠিকানা*

*বিআইএন* তারিখ / /

**(অনুগ্রহ করে প্রতিটি কোম্পানী/প্রতিষ্ঠানের একইরূপ তথ্য পৃথকভাবে উপস্থাপন করুন)**

তারিখঃ //

.....................................................
লাইসেন্সির নাম/(নতুন আবেদনকারী)
পদবী
.....................................................

*"পরিশিষ্ট -০২"*

**[বিধি ২ দ্রষ্টব্য]**

**<u>লাইসেন্স এর জন্য আবশ্যক দলিলাদি</u>**

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| ১. | যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন। |
| ২. | BOI/BSCIC - এর রেজিস্ট্রেশন সনদপত্র। |
| ৩. | কোম্পানীর টিআইএন সনদসহ সকল পরিচালক/মালিকের আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি ১০বি) এর সার্টিফাইড কপি। |
| ৪. | হালনাগাদ ট্রেড লাইসেন্স। |
| ৫. | হালনাগাদ ফায়ার লাইসেন্স। |
| ৬. | মূল্য সংযোজন কর সনদপত্র। |
| ৭. | সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্য নন এমন ব্যবসায়ীগণ এসোসিয়েশনের সুপারিশপত্র ছাড়াই সরাসরি বন্ড লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন। |
| ৮. | প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি নোটারী পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল। |
| ৯. | বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ১০. | জয়েন্ট স্টক কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশন এর ১টি করে মুল বই (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ১১. | মেশিনারী আমদানির ক্ষেত্রে Invoice ও B/E এবং স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি। |

| | |
|---|---|
| ১২. | প্রস্তাবিত বন্ডেড ওয়্যার হাউসের ২ (দুই) কপি নীল নকশা যা এ্যামোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত। |
| ১৩. | কারখানার মালিকানা দলিল কিংবা ভাড়ার ক্ষেত্রে নোটারীকৃত চুক্তিপত্র। |
| ১৪. | ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মেনে চলার অঙ্গীকারসহ ১৫০/- (এক শত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা। |

"পরিশিষ্ট -০৩"

[বিধি ৬ দ্রষ্টব্য]

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

......................................................... কমিশনারেট।

**হস্তান্তরযোগ্য নয়**

**সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য বন্ডেড/বিশেষ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স**

[Customs Act, 1969 Gi section 13(1) মোতাবেক প্রদত্ত]

লাইসেন্স নং .............................                                   তারিখঃ...........................

| | | | |
|---|---|---|---|
| ১. | (ক) | শিল্প প্রতিষ্ঠানের নাম | ঃ |
| | (খ) | টিআইএন | ঃ |
| | | | |
| ২. | (ক) | অফিসের পুর্ণ ঠিকানা | ঃ |
| | (খ) | ফোন ও ফ্যাক্স নম্বর | ঃ |
| | (গ) | ই-মেইল | ঃ |
| | | | |
| ৩. | (ক) | ফ্যাক্টরীর পুর্ণ ঠিকানা | ঃ |
| | (খ) | ফোন ও ফ্যাক্স নম্বর | ঃ |
| | (গ) | ই-মেইল | ঃ |
| | | | |
| ৪. | অফিস/ফ্যাক্টরী ভবনের মালিকানা | | ঃ নিজস্ব/ভাড়া করা |
| | | | |
| ৫. | প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের বর্ণনাঃ | | |

| প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের নাম, | পেশা ও জাতীয়তা | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |

| পিতা/স্বামীর নাম | | | | |
|---|---|---|---|---|
| | | | | |

৬. প্রতিষ্ঠানের অন্যান্য অংশীদার/পরিচালকমন্ডলীর বর্ণনাঃ

| প্রতিষ্ঠানের অন্যান্য অংশীদার/পরিচালকমন্ডলীর নাম,<br>পিতা/স্বামীর নাম | পেশা ও জাতীয়তা | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |

৭. বিজিএমইএ/বিকেএমইএ/সরকার অনুমোদিত সংশ্লিষ্ট সমিতির সদস্য পদ নম্বরঃ তারিখঃ

৮. বিনিয়োগ বোর্ডের নিবন্ধন নম্বরঃ তারিখঃ

৯. ইআরসি নম্বরঃ তারিখঃ

১০. আইআরসি নম্বরঃ তারিখঃ

১১. মূসক রেজিস্ট্রেশন নম্বরঃ তারিখঃ

১২. লিয়েন ব্যাংকের নাম, ঠিকানা ও ফোন নম্বর ঃ

১৩. শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের বিবরণ (বিনিয়োগ বোর্ডের নিবন্ধন

অনুযায়ী)ঃ

১৪. শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের (পণ্য ভিত্তিক) বার্ষিক উৎপাদন ক্ষমতা (শুল্ক কর্তৃপক্ষের সরেজমিনে তদন্ত প্রতিবেদন অনুযায়ী)ঃ

১৫. উক্ত পণ্য তৈরিতে ব্যবহার্য কাঁচামালের বিবরণ (এইচ.এস.কোডসহ প্রয়োজনে লাইসেন্স প্রদানকারীর স্বাক্ষরসহ অতিরিক্ত পৃথক কাগজ ব্যবহার করা যাইবে সেইক্ষেত্রে এই অনুচ্ছেদে অতিরিক্ত ব্যবহৃত মোট পাতার সংখ্যা উল্লেখ করিতে হইবে)ঃ

১৬. বন্ডেড ওয়্যারহাউস সংশ্লিষ্ট শুল্ক দলিলাদিতে স্বাক্ষর প্রদানকারীর বিবরণঃ

| নাম | পদমর্যাদা | ফোন ও ফ্যাক্স নম্বর | নমুনা স্বাক্ষর (ব্যাংক একাউন্ট পরিচালনায় ব্যবহৃত স্বাক্ষর) |
|---|---|---|---|
| | | | |

১৭. বন্ডেড ওয়্যারহাউসের মোট আয়তন ঃ

১৮. কাচাঁমাল মজুদের পণ্যাগারের আয়তন ঃ

১৯. তৈরি পণ্য মজুদের পণ্যাগারের আয়তন ঃ

২০. প্রক্রিয়াকরণের জন্য বন্ডেড ওয়্যারহাউসে/পণ্যাগারে যে সব কাচাঁমাল ইন্টু বন্ডে মজুদ করা যাইবে (প্রয়োজনে ১৫ অনুচ্ছেদের ন্যায় অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে)ঃ

| | বর্ণনা | এইচ.এস.কোড | বার্ষিক আমদানি প্রাপ্যতা (পরিমাণে) |
|---|---|---|---|
| | | | |

২১. বার্ষিক আমদানি প্রাপ্যতা, কাচাঁমাল মজুদের পণ্যাগারের ধারণ ক্ষমতা, রপ্তানি

পারফরমেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত নীতিমালা (যদি থাকে) ভিত্তিতে এককালীন সর্বোচ্চ আমদানি প্রাপ্যতা/বন্ডিং ক্যাপাসিটি (পরিমাণে)ঃ

২২. অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী প্রতিপালন করিবেন এই শর্তে মেসার্স ....................... ...............................................এর অনুকূলে এই লাইসেন্স মঞ্জুর করা হইল।

তারিখঃ .........................                                                  কমিশনার

**লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলীঃ**

১. এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

২. পণ্যাগারে রক্ষিত পণ্যের নিরাপদ সংরক্ষণের জন্য প্রযোজ্য সকল আইন মানিয়া চলিতে লাইসেন্সি তথা বন্ডার বাধ্য থাকিবেন।

৩. বন্ডকৃত প্রাঙ্গনে কাঁচামাল মজুদের পণ্যাগার, উৎপাদনের এলাকা, উৎপাদিত পণ্য মজুদের পণ্যাগার ও অফিসকক্ষ সুচিহ্নিত ও সুরক্ষিত হইতে হইবে। পণ্যাগারে রক্ষিত কাঁচামাল ও উৎপাদিত পণ্য এমনভাবে রক্ষিত হইবে যাহাতে কাঁচামাল ও উৎপাদিত পণ্য সহজে পরিদর্শন করা যায়। উৎপাদিত প্যাকেজ বা পণ্যের পরিমাণ পণ্যগারের ধারণ ক্ষমতার অধিক হইেবে না। লাইসেন্সিং কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী পণ্যাগারে মজুদের ব্যবস্থা করিতে হইবে।

৪. লাইসেন্সি তাঁদের পণ্যের মজুদ বই এমনভাবে সংরক্ষণ করিবেন যাহাতে মজুদ পণ্যের পরিমাণ সহজই পরীক্ষা করা যায়। শুল্ক অফিসার যখনই মজুদ বই তলব করিবেন তখনই তাহা পেশ করিতে হইবে।

৫. জাতীয় রাজস্ব বোর্ড ও শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস পরিচালনা বিষয়ে জারীকৃত এসআরও/আদেশ/নির্দেশ মানিয়া চলিতে বন্ডার বাধ্য থাকিবেন।

৬. বন্ড লাইসেন্সের আওতায় পণ্য আমদানি ও রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান আমদানি নীতি ও রপ্তানি নীতির বিধি-বিধান মানিয়া চলিতে বন্ডার বাধ্য থাকিবেন।

৭. লাইসেন্সের দ্বিতীয় পাতায় বর্ণিত কাঁচামাল ভিন্ন কোন প্রকার পণ্য, মেশিনারী বা যন্ত্রাংশ বন্ডিং সুবিধায় খালাস দেয়া হইবে না।

৮. (ক) বিশেষ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে প্রতিবছর ৩১শে মার্চ এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত বাৎসরিক ফি এবং প্রতিষ্ঠানের বার্ষিক অডিট/পরিদর্শনের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে। উক্ত তারিখের মধ্যে নির্ধারিত ফি জমা দিতে বা কাগজপত্র দাখিল করিতে ব্যর্থ হইলে ১লা এপ্রিল থেকে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে সাসপেন্ড হইবে। বিজিএমইএ কর্তৃক ইউডি ইস্যু এবং আমদানি-রপ্তানির পণ্য খালাস শুল্ক কর্তৃপক্ষ বন্ধ করিয়া দিবে। তবে শর্ত থাকে যে, নিয়মিত ফি -এর অতিরিক্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত জরিমানাসহ প্রয়োজনীয় দলিলাদি দাখিল করিবার পর কমিশনার সাসপেনশন প্রত্যাহার করিতে পারিবেন।

(খ) প্রতি বছর ৩০শে জুনের মধ্যে বার্ষিক অডিট/পরিদর্শন সম্পন্ন করিতে হইবে। এই লক্ষ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে অডিটের/পরিদর্শনের জন্য বন্ডারকে প্রস্তুত থাকিতে হইবে।

৯. (ক) অন্যান্য সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত নবায়ন ফি এবং বার্ষিক অডিট/পরিদর্শনের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রতিবছর জমা প্রদান করিতে হইবে। বার্ষিক অডিট/পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে নবায়নের বিষয়টি বিবেচিত হইবে।

(খ) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নম্বর, ইস্যুর তারিখ সম্বলিত পৃথক পাতায় লাইসেন্সের মেয়াদ/নবায়নের মেয়াদ তথ্য লাইসেন্সিং কর্তৃপক্ষ লিপিবদ্ধ করিবেন।

১০. লাইসেন্সধারী প্রতিষ্ঠানের গঠনতন্ত্র বা ব্যবস্থাপনা পরিষদে যে কোন পরিবর্তন, বন্ডেড ওয়্যারহাউস স্থানান্তর বা সম্প্রসারণ বা কোনরূপ পরিবর্তন/পরিবর্ধনের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি

গ্রহণ করিতে হইবে এবং এই মর্মে লাইসেন্স সংশোধিত না হওয়া পর্যন্ত যে কোন পরিবর্তন অবৈধ ও শুল্ক আইনের ব্যত্যয় হিসাবে গণ্য করিয়া আইনানুগভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১১. Coustoms Act, 1969 Gi Warehousing (Chapter XI) এ বর্ণিত বিধান এই বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের জন্য প্রযোজ্য হইবে।

আমি এবং লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের সকলে উপরে বর্ণিত সকল শর্তাবলী সকল সময় যথাযথভাবে পালন করিব। অন্যথায় লাইসেন্সিং কর্তৃপক্ষ আইনতঃ যে কোন ব্যবস্থা গ্রহণ করিলে আমরা তাহা মানিয়া নিতে বাধ্য থাকিব।

তারিখঃ ... ... ... ...

...............................................

(মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(ড. মোঃ সহিদুল ইসলাম)

প্রথম সচিব (শুল্ক)।